



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২২, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২১শে এপ্রিল ২০০৩/৮ই বৈশাখ ১৪১০

এস, আর, ও নং ১০৪-আইন/২০০৩—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস, আর, ও নং ০৮ আইন/২০০৩, তারিখ ৬ই জানুয়ারি, ২০০৩ ইংরেজী মোতাবেক ২৩শে পৌষ, ১৪০৯ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু, সরকার উক্ত এলাকার সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাবসম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য কুমিল্লা জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977) এর section 4(a)তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১৭ই বৈশাখ, ১৪১০ বাংলা মোতাবেক ৩০শে এপ্রিল, ২০০৩ ইংরেজী তারিখ হইতে একটি

(৭১৪৯)

মূল্য : টাকা ১.০০

মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি চৌদ্দগ্রাম মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে, এল নং | দাগ নং |
|-----------|----------------|-------------------|-----------|--------|
| (১) | ৭নং চৌদ্দগ্রাম | সোনাকাটিয়া | ৮৮ | ১—১৩১২ |
| (২) | ৭নং চৌদ্দগ্রাম | নাটাপাড়া | ৮৯/১ | ১—৫৩৪ |
| (৩) | ৭নং চৌদ্দগ্রাম | ঘিলাতলী | ৯০ | ১—৯১ |
| (৪) | ৭নং চৌদ্দগ্রাম | কমলপুর | ৯২/১ | ১—১০১ |
| (৫) | ৭নং চৌদ্দগ্রাম | নোয়াপাড়া | ৮৯ | ১—৭২৪ |
| (৬) | ৭নং চৌদ্দগ্রাম | নবগ্রাম | ৯১ | ১—৪৫৭ |
| (৭) | ৭নং চৌদ্দগ্রাম | রামচন্দ্রপুর | ৯৩/১ | ১—৩৪৮ |
| (৮) | ৭নং চৌদ্দগ্রাম | গোমারবাড়ী | ৯৩/২ | ১—৪০৯ |
| (৯) | ৭নং চৌদ্দগ্রাম | রাম রায় গ্রাম | ৯৩ | ১—৪৮৭ |
| (১০) | ৭নং চৌদ্দগ্রাম | বৈদের খিল | ৯৩/৩ | ১—৪৭৩ |
| (১১) | ৭নং চৌদ্দগ্রাম | লক্ষীপুর | ৯৩/৪ | ১—২৫৬ |
| (১২) | ৭নং চৌদ্দগ্রাম | সেনের খিল | ৯৩/৫ | ১—১৯৬ |
| (১৩) | ৭নং চৌদ্দগ্রাম | জয়ন্তীনগর | ৯৩/৬ | ১—১৬৫ |
| (১৪) | ৭নং চৌদ্দগ্রাম | পাচরা | ৯২ | ১—১১০০ |
| (১৫) | ৭নং চৌদ্দগ্রাম | শ্রীপুর | ৯৪ | ১—৯০৯ |
| (১৬) | ৭নং চৌদ্দগ্রাম | চান্দিশকরা | ৯৫ | ১—২২৬৭ |
| (১৭) | ৭নং চৌদ্দগ্রাম | কিং শ্রীপুর | ৯৪/১ | ১—৪৪০ |
| (১৮) | ১০নং বাতিসা | উত্তর ফাল্গুনকরা | ১০৮ | ১—৬৫৫ |
| (১৯) | ১০নং বাতিসা | দক্ষিণ ফাল্গুনকরা | ১০৮/১ | ১—৫৭৮ |
| (২০) | ১০নং বাতিসা | পশ্চিম ধনমুড়ী | ১০৯/১ | ১—৪১২ |
| (২১) | ১০নং বাতিসা | পূর্ব ধনমুড়ী | ১০৯ | ১—৩৩৯ |
| (২২) | ১০নং বাতিসা | চন্ডিপুর | ১০৯/৩ | ১—২৫৩ |
| (২৩) | ১০নং বাতিসা | চাটিতলা | ১০৮/৩ | ১—৩৬৭ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন সরকার

উপ-সচিব (পৌর)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফসম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।